# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৬০

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - অতিথি আপ্যায়ন প্রসঙ্গে

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْخَيْرُ أَسْرَعُ إِلَى الْبَيْتِ الَّذِي يُؤْكَلُ فِيهِ مِنَ الشَّفْرَةِ إِلَى سنامِ الْبَعِيرِ» . رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

৪২৬০-[১৮] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে গৃহে মেহমানদারী করা হয়, উটের কুঁজের মাংস কাটার উদ্দেশে ছুরি যত দ্রুত অগ্রসর হয়, সে গৃহে বারাকাত তার চেয়েও দ্রুত প্রবেশ করে। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : সুনান ইবনু মাজাহ ৩৩৫৬, ৩৩৫৭; য‘ঈফুল জামি‘ ২৯৫১, য‘ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৫৩৯, শু‘আবুল ঈমান ৯৬২৪, আল মু‘জামুল আওসাত্ব ৩১৭৪।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘জুবারাহ্ ইবনু মুগল্লিস’’ নামের একজন বর্ণনাকারী, যিনি হাদীস তৈরির অভিযোগে অভিযুক্ত। আরেক বর্ণনাকারী হলেন ‘‘কাসীর ইবনু সুলায়ম’’ যিনি মুনকারুল হাদীস। বিস্তারিত- তাহযীবুল কামাল, রাবী নং ৮৯১ ও ৪৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ কল্যাণ দ্রুত পৌঁছানোর দৃষ্টান্ত দেয়া হয়েছে সেই বাড়ির সাথে, যে বাড়ীতে মেহমান আসলে তাকে সম্মান করার জন্য তারা দ্রুত উটের কুঁজ কাটতে যায়। উঠের কুঁজের গোশত তুলনামূলক সুস্বাদু। তাই সর্বাগ্রে তা কাটার আগ্রহ থাকে। অনুরূপভাবে যে বাড়ীতে মেহমানকে সম্মান করা হয় সে বাড়ীতেও দ্রুত কল্যাণ পৌঁছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74983

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন